জীবননগরে সাংবাদিক লাঞ্চিত করার ঘটনায় সংবাদ বর্জন

জীবননগরে দুর্নীতির সর্গ রাজ্য গড়ে তুলেছেন উপজেলা প্রকৌশলী বোরহান উদ্দিন ।সম্প্রতি গত ৯মাস আগে জীবননগর উপজেলার বিভিন্ন স্থানে রাস্তার কাজে নিন্মমানের বালি,ইট ব্যবহার করা হচ্ছে প্রমান স্বরুপ বে-সরকারি টেলিভিশন মাই টিভি,জাতীয় দৈনিক আমার সংবাদ,স্থানীয় দৈনিক সময়ের সমীকরণ,দৈনিক নবচিত্র,মেহেরপুর প্রতিদিন সহ বেশ কিছু জাতীয় এবং অনলাইনে পত্রিকায় সংবাদ প্রকাশ হয়।এই প্রকাশিত সংবাদকে কেন্দ্র দুর্নীতিবাজ উপজেলা প্রকৌশলী বোরহান উদ্দিন সাংবাদিকের উপর ক্ষিপ্ত হয়ে ওঠেন ।এক পর্যায় তিনি নিজের ক্ষমতার দাপট এবং স্থানীয় কিছু ক্ষমতাশীন দলের ঠিকাদারের প্রভাবে বিভিন্ন ভাবে হুমকি ধামকি এবং মিথ্যা মামলার পায়তারা করেন ।

ঘটনাটি গত ৯মাস আগে ঘটলেও গত ১৫ ডিসেম্বর সংবাদ সংগ্রহের বিষয়ে একটি তথ্যর জন্য দৈনিক আমার সংবাদ পত্রিকার জীবননগর উপজেলা প্রতিনিধি মিঠুন মাহমুদ উপজেলা প্রকৌশলীর অফিসে গেলে তিনি তথ্য না দিয়ে আবার ও সাংবাদিককে নিজের অফিসে লাঞ্চিত করেন এবং গুম ,হত্যা ও মিথ্যা মামলা দেওয়ার হুমকি প্রদান করেন ।এদিকে দৈনিক আমার সংবাদ ও মাই টিভির জীবননগর উপজেলা প্রতিনিধি মিঠুন মাহমুদকে প্রাণনাশের হুমকি ও লাঞ্চিতর ঘটনায় জীবননগর সাংবাদিক সমিতি ও জীবননগর প্রেস ক্লাবে জরুরি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।এ সময় সকল সাংবাদিক একমত প্রকাশ করে জীবননগর উপজেলা প্রশাসনের সকল সংবাদ বয়কট করা সহ ঘুষখোর দুর্নীতিবাজ জীবননগর উপজেলা প্রকৌশলী বোরহান উদ্দিনকে অপসারনের দাবি করেন ।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি দৈনিক যায়যায় দিন পত্রিকার প্রতিনিধি জাহিদ বাবু, সাধারন সম্পাদক দৈনিক আমাদের সময় পত্রিকার প্রতিনিধি জামাল হোসেন খোকন,জীবননগর প্রেস ক্লাবের সাধারন সম্পাদক দৈনিক ইত্তেফাক পত্রিকার প্রতিনিধি এম আর বাবু,জীবননগর সাংবাদিক সমিতির সাবেক সভাপতি দৈনিক নয়া দিগন্ত পত্রিকার প্রতিনিধি আতিয়ার রহমান. সাবেক সাধারন সম্পাদক ও দৈনিক যুগান্তর পত্রিকার প্রতিনিধি ফয়সাল মাহাতাব মানিক,যুগ্ন সাধারন সম্পাদক ওদৈনিক নবচিত্র পত্রিকার প্রতিনিধি চাষী রমজান, দৈনিক পশ্চিম অঞ্চল পত্রিকার প্রতিনিধি ও জীবননগর সাংবাদিক সমিতির

সদস্য বশির উদ্দিন বিশ্বাস,দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার প্রতিনিধি মাসুম,মাজেদুল মিল্টন,ডোনেট বাংলাদেশ পত্রিকার সোয়েব আহম্মেদ,দৈনিক যশোর পত্রিকার রবিন হোসেন,দৈনিক কল্যাণ পত্রিকার রমজান হোসেন,দৈনিক লোকসমাজ পত্রিকার নুর আলম,চুয়াডাঙ্গা দর্পন পত্রিকার শেখ শহিদ,বাংলাদেশ সময় পত্রিকার আশাবুল হক,হাসাদহ প্রেস ক্লাবের সভাপতি ও দৈনিক মানবজমিন পত্রিকার প্রতিনিধি ডি এম মতিয়ার রহমান,সাধারন সম্পাদক রিপন হোসেন,আন্দুলবাড়িয়া প্রেস ক্লাবের সাধারন সম্পাদক ও দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার প্রতিনিধি জেড আই মামুন,মলেম উদ্দিন,অর্পন রকি প্রমুখ।

আল্লামা শফীকে হত্যার অভিযোগে মামুনুল হকসহ ৩৬ জনের বিরুদ্ধে মামলা

হেফাজতের প্রয়াত আমির আল্লামা শফিকে পরিকল্পিতভাবে হত্যার অভিযোগে হেফাজতের বর্তমান কমিটির যুগ্ম মহাসচিব মামুনুল হকসহ ৩৬ জনের বিরুদ্ধে আদালতে মামলা করা হয়েছে। এই মামলা আমলে নিয়ে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনকে (পিবিআই) তদন্তের নির্দেশ দিয়েছেন আদালত।

বৃহস্পতিবার সকালে চট্টগ্রামে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-৩ এ মামলাটি করেন আল্লামা আহমদ শফীর শ্যালক মোহাম্মদ মাঈন উদ্দীন।

বাদীর আইনজীবী অ্যাডভোকেট মোহাম্মদ আবু হানিফ জানান, মামলায় বাদীসহ ছয়জনকে সাক্ষী করা হয়েছে।

আদালত মামলাটি আমলে নিয়ে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনকে (পিবিআই) তদন্তের দায়িত্ব দিয়েছেন।

এর আগে হেফাজতে ইসলামের আমির আল্লামা শাহ আহমদ শফীকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে বলে দাবি করেন
হেফাজতে ইসলামের একাংশের নেতারা। আল্লামা শফির মৃত্যুর ঘটনা

তদন্তে বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনেরও দাবি জানিয়েছেন তারা।

বুধবার সকালে চট্টগ্রামে আল্লামা শাহ আহমদ শফীর জীবনকর্ম, অবদান শীর্ষক আলোচনা ও মতবিনিময় সভায় হেফাজতে ইসলামের সাবেক যুগ্ম মহাসচিব ও ইসলামী ঐক্যজোটের মহাসচিব আল্লামা মুফতি ফয়জুল্লাহ অভিযোগ করেন, আহম্মদ শফীর মৃত্যু স্বাভাবিক নয়। এরপরই এই মামলা দায়ের হল।

গত ১৮ সেপ্টেম্বর ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় হেফাজতে ইসলামের সর্বোচ্চ নেতা ও হাটহাজারী মাদ্রাসার দীর্ঘদিনের পরিচালক আহমদ শফী মারা যান।

আলমডাঙ্গায় নুর মোহাম্মদ মেমোরিয়াল (প্রাঃ) হাসপাতালের উদ্বোধন

আলমডাঙ্গায় নুর মোহাম্মদ মেমোরিয়াল (প্রাঃ) হাসপাতালের উদ্বোধন করেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পঃপঃ কর্মকর্তা ডাঃ হাদী জিয়াউদ্দীন আহমেদ হাদী।
গতকাল বুধবার দুপুর ২ টার দিকে এ হাসপাতালের উদ্বোধন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কনসাল্টেন্ট ডা. আব্দুস সালাম, বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, সাংবাদিক হামিদুল ইসলাম আজম, রহমান মুকুল, গোলাম সারোয়ার সদু, তানভির সোহেল।

হাসপাতালের পরিচালক মামুন রেজার পরিচালনায় আরো উপস্থিত ছিলেন, মুক্তিযোদ্ধা ওয়াজেদ আলী মাস্টার, ডা. সাফায়েতুল ইসলাম হিরু, জয়নাল ক্যাপ, সাবেক চেয়ারম্যান দারুস সালাম, কামরুজ্জামান হিরো, শফিউজ্জামান মিঠু, আসাদুল হক, হারুন অর রশিদ, ডা. শোভন, ডা. আমেনা প্রমুখ।

[redacted]

[redacted]

জীবননগরে বন্ধু রক্তদান কেন্দ্রের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

রক্তদিন জীবন বাঁচান এই স্লোগানকে সামনে রেখে জীবননগরে সে¦চ্ছাসেবী সংগঠন বন্ধু রক্তদান কেন্দ্রের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

গতকাল বুধবার শিকড় সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে এবং একতা ডায়াগনস্টিক সেন্টারের সহযোগিতায় বন্ধু রক্তদান কেন্দ্রের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়।
বন্ধু রক্তদান কেন্দ্রের সভাপতি মিঠুন মাহমুদের সভাপতিত্বে অুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বন্ধু রক্তদান কেন্দ্রের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটেন জীবননগর থানার ওসি (অপারেশন) সুকেন্দ্র বসু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু, সাংবাদিক মাজেদুল মিল্টন, শিকড় সমাজ কল্যাণ সংস্থার উপদেষ্টা শাজাহান সিরাজ, আ.খ.ম.সালাউদ্দিন কবির, সাজেদা আক্তার, খালেদা আক্তার, শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজান, মফিজুল ইসলাম, হোসেন আলী, লাবনী, ওমর ফারুক, সাদিয়া, রবিন, সোহাগ, জাহিদ, মিম, নিশান, রমজান, রিয়াজ।

২০১৯ ও ২০২০ সালের সেরা রক্তদান কারী শিপন বিশ্বাস। শাকিব হোসেন রবিন, তুহিনুজ্জামান ও সাদিয়াকে সেরা রক্ত সংগ্রহকারী ক্রেস্ট প্রদান করা হয়।
অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন বন্ধু রক্তদান কেন্দ্রের সাধারণ সম্পাদক তুহিনুজ্জামান।

পোড়াদহ ইউপি নির্বাচনে জনপ্রিয়তায় এগিয়ে পলাশ

কুষ্টিয়ার মিরপুর উপজেলার ৯ নং পোড়াদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে অন্য প্রার্থীদের চেয়ে জনপ্রিয়তায় এগিয়ে রয়েছেন এক সময়ের চেয়ারম্যান, বীর মুক্তিযোদ্ধা মরহুম লিয়াকত আলীর ছেলে বেনজীর আহমেদ পলাশ।

ইউনিয়নের বাসিন্দারা বলছেন- ক্লিন ইমেজের জন্য স্থানীয় মানুষের কাছে তুমুল জনপ্রিয় তিনি। তার বাবা যখন দুই বারের চেয়ারম্যান ছিলেন তখন অনেক উন্নয়ন মূলক কর্মকাণ্ড করেছে। পাশাপাশি তিনি সে সময় কৃষক লীগের সাধারণ সম্পাদক হওয়ার সুবাদে কৃষক-শ্রমিক-জনতার জন্য অনেক কাজ করে মানুষের ভালোবাসায় সিক্ত ছিলেন।

বেনজির আহমেদ পলাশ মিরপুর উপজেলা মৎস্যজীবী লীগের সভাপতি ও উপজেলা মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডের যুগ্ম-সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। দীর্ঘদিন রাজনীতি করলেও কারও সঙ্গে স্বার্থের দ্বন্দ্বে না জড়ানোয় সকলের পছন্দের প্রার্থী তিনি। বরং সবাইকে নিয়ে ইউনিয়নের উন্নয়নে বাবার পথ ধরেই দীর্ঘদিন ধরে নিঃস্বার্থভাবে কাজ করছেন তিনি।

স্থানীয় বাসিন্দারা জানান, দলমত নির্বিশেষে সব ধরনের মানুষের সাথে সুসম্পর্ক বেনজীর আহমেদ পলাশের। এলাকার মানুষের বিপদে পাশে থাকায় সবাই তাকে পছন্দ করেন। এলাকার মানুষই তাকে নির্বাচনে অংশ নিতে অনুরোধ করেছিলেন। ফলে সুষ্ঠু ভোট হলে পলাশ বিজয়ী হবেন বলে বিশ্বাস করেন তারা।

ইউপি নির্বাচন নিয়ে চেয়ারম্যান প্রার্থী বেনজির আহমেদ পলাশ বলেন, আমি দীর্ঘদিন রাজনীতির সাথে জড়িত থাকায় মানুষের সমস্যাগুলো প্রত্যক্ষ করেছি।

সেগুলো সমাধানে জনপ্রতিনিধি হিসেবে কীভাবে কাজ করতে হবে সে বিষয়েও ধারনা পেয়েছি। নির্বাচিত হলে আমি পোড়াদহ বাসীকে একটি আধুনিক ও মডেল ইউনিয়ন উপহার দিতে চাই।

তিনি আরও বলেন, ইউনিয়নে অনেক সেবা আছে, যেগুলো স্থানীয় মানুষ জানেন না। ঠিকঠাক সেগুলো তাদের কাছে পৌঁছে দিলে তারা

স্বাবলম্বী হতে পারবেন। আমি সেই সেবাগুলো তাদের বাড়িতে পৌঁছে দিতে চাই।

তবে তিনি বলেন, কুষ্টিয়ার উন্নয়নের রুপকার মাহবুব উল আলম হানিফ এমপি কল্যাণে কুষ্টিয়ায় যেভাবে উন্নয়ন হয়েছে তারই ধারাবাহিকতায় এবং এলাকার উন্নয়নের স্বার্থে অবশ্যই দল আমাকে মনোনয়ন দিলে আমি দলীয় প্রতীকে সকলকে সাথে নিয়ে নির্বাচন করবো।

মেহেরপুরে মেয়র কাপ ক্রিকেট টুর্নামেন্টে ৭ নং ওয়ার্ড জয়ী

মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমানের উদ্যোগে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের মাঠে অনুষ্ঠিত মেয়র কাপ টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টে ৭ নং ওয়ার্ড টাইগার টিম বিজয়ী হয়েছেন।

গতকাল বুধবার অনুষ্ঠিত ফাইনাল খেলায় ৭ নং ওয়ার্ড টাইগার ১৩১ রানের পাহাড় সম ব্যবধানে ৩ নং ওয়ার্ড ষ্পোর্টস রাইডার্স কে পরাজিত করে।

সকালে টসে জিতে ৩ নং ওয়ার্ড ষ্পোর্টস রাইডার্স এর অধিনায়ক ৭ নং ওয়ার্ড টাইগার্স কে ব্যাটিংয়ের আমন্ত্রণ জানান। প্রথমে ব্যাট করতে নেমে ৭ নং ওয়ার্ড টাইগারের পক্ষে জিকোর ব্যক্তিগত ৬০ রানে নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে ১৮৯ রানের পাহাড়সম স্কোর গড়েন।

স্পোর্টস রাইডারের সবুজ দুটি উইকেট লাভ করেন। জয়ের জন্য মাঠে নেমে স্পোর্টস রাইডার্স এর ব্যাটসম্যানরা প্রতিপক্ষ দলের বোলারদের বোলিং তোপের মুখে কোণঠাসা হয়ে পড়ে, শেষ পর্যন্ত ১২ ওভার ৫ বলে মাত্র ৫৮ রান করে সবাই আউট হয়ে যায়। ৭ নং ওয়ার্ড টাইগার্সের মিলন চার ওভার বল করে চারটি উইকেট দখল করে প্রতিপক্ষের ব্যাটিং লাইনআপে ধ্বস নামান। এতে করে খুব সহজেই ৭ নং ওয়ার্ড বিজয়ী লাভ করেন।

খেলা শেষে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম পুরস্কার বিতরণ করেন।

চ্যাম্পিয়ন দলকে ট্রফি ছাড়াও ৫০ হাজার টাকা এবং রানারআপ দলকে ট্রফি এবং ৩০ হাজার টাকা প্রাইজমানি পুরস্কার হিসেবে দেওয়া হয়।

গাংনীতে দোকানের টিন কেটে ৩ লাখ টাকা চুরি

গাংনী হাসপাতাল বাজারের মমতা কম্পিউটার নামের একটি বিকাশের দোকানে টিন কেটে ৩ লাখ ১৫ হাজার টাকা চুরির ঘটনা ঘটেছে।

গতকাল ১৬ই ডিসেম্বর বুধবার দুপুর দুইটার দিকে চুরির ঘটনা ঘটেছে বলে জানান দোকান মালিক মজিবর রহমান।

দোকান মালিক তেরাইল গ্রামের মজিবর রহমান জানান, তিনি সকাল নয়টার দিকে ৩ লাখ ১৫ হাজার টাকার একটি ব্যাগ দোকানে রেখে বাড়ি চলে যান।

দুই টার দিকে পুনরায় দোকান খুলে দেখেন টাকা নেই। দোকান ঘরের পিছনের অংশের টিন কেটে চুরির ঘটনা ঘটে। পরে পুলিশ কে খবর দিলে গাংনী থানার অফিসার ইনচার্জ বজলুর রহমান ও ইন্সপেক্টর তদন্ত সাজেদুল ইসলাম ঘটনা স্থল পরিদর্শন করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ বজলুর রহমান বলেন, বিষয়টি সম্পর্কে খোঁজ খবর নেয়া হচ্ছে। তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে।

জীবননগরে মুক্তিযোদ্ধাদের স্মৃতি কমপ্লেক্সের নির্মাণ কাজ চালুর দাবিতে মানববন্ধন

জীবননগরে বন্ধ হয়ে যাওয়া মুক্তিযোদ্ধা স্মৃতি কমপ্লেক্সের কাজ পুনরায় চালু করার দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকাল সাড়ে ১০টার সময় স্থানীয় মুক্তিযোদ্ধা ও স্থানীয় জনগণের আয়োজনে জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের মাধবখালী গ্রামে এ মাববন্ধন অনুষ্ঠিত হয়।

এ সময় বন্ধ হয়ে যাওয়া ধোপাখলী সম্মুখ যুদ্ধে নিহত মুক্তিযোদ্ধাদের স্মৃতি কমপ্লেক্সটির কাজ পুনরায় চালুর দাবি করেন মুক্তিযোদ্ধাসহ স্থানীয় ব্যক্তিরা।

মানববন্ধনে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলার সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার নিজাম উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা দলিল উদ্দিন দলু, বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম মধু প্রমুখ।

বিজয় দিবস উপলক্ষে মুক্তিযোদ্ধাদের নিয়ে আলোচনা

মহান বিজয় দিবস-২০২০ স্মরণীয় করে রাখতে মুক্তিযোদ্ধাদের নিয়ে আলোচনা সভার আয়োজন করা হয়।

গতকাল বুধবার ১১টার সময় মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রী কলেজ মাঠ প্রাঙ্গণে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

প্রাক্তন থানা কমান্ডার খাজা নাজিমুদ্দিন এর সভাপতিত্বে সভায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন প্রাক্তন থানা কমান্ডার জনাব আবুল কাশেম।

অনুষ্ঠান পরিচালনা করেন জিল্লুর রহমান।